

📖 সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নম্বরঃ ১৬৬৯

৯. কিতাবুস সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ মুয়ায্যিনের জন্য আল্লাহর ক্ষমা সাব্যস্তকরণ

ذَكَرُ اثْبَاتِ عَفْوِ اللَّهِ جَلَّ وَعَلَا عَنِ الْمُؤَذِّنِينَ

আরবী

1669 - أَخْبَرَنَا الْحَسَنُ بْنُ سَفْيَانَ حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ سَلَمَةَ الْمُرَادِيُّ حَدَّثَنَا ابْنُ وَهْبٍ عَنْ حَيْوَةَ بْنِ شَرِيحٍ عَنْ نَافِعِ بْنِ سُلَيْمَانَ أَنَّ مُحَمَّدَ بْنَ أَبِي صَالِحٍ أَخْبَرَهُ عَنْ أَبِيهِ: أَنَّهُ سَمِعَ عَائِشَةَ تَقُولُ: سَمِعْتُ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ يَقُولُ:

(الْإِمَامُ ضَامِنٌ وَالْمُؤَذِّنُ مُؤْتَمَنٌ فَأَرْشَدَ اللَّهُ الْأَئِمَّةَ وَعَفَا عَنِ الْمُؤَذِّنِينَ)

الراوي : عَائِشَةُ | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات

الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 1669 | خلاصة حكم المحدث: حسن بما بعده - ((التعليق

الرغيب)) (1/ 108).

قَالَ أَبُو حَاتِمٍ: سَمِعَ هَذَا الْخَبَرَ أَبُو صَالِحٍ السَّمَّانُ عَنْ عَائِشَةَ عَلَى حَسَبِ مَا ذَكَرْنَاهُ وَسَمِعَهُ مِنْ أَبِي هُرَيْرَةَ مَرْفُوعًا فَمَرَّةً حَدَّثَ بِهِ عَنْ عَائِشَةَ وَأُخْرَى عَنْ أَبِي هُرَيْرَةَ وَتَارَةً وَقَفَهُ عَلَيْهِ وَلَمْ يَرْفَعْهُ

وَأَمَّا الْأَعْمَشُ فَإِنَّهُ سَمِعَهُ مِنْ أَبِي صَالِحٍ عَنْ أَبِي هُرَيْرَةَ مَوْقُوفًا وَسَمِعَهُ مِنْ أَبِي صَالِحٍ عَنْ أَبِيهِ عَنْ أَبِي هُرَيْرَةَ مَرْفُوعًا

وَقَدْ وَهَمَ مَنْ أَدْخَلَ بَيْنَ سُهَيْلٍ وَأَبِيهِ فِيهِ الْأَعْمَشُ لِأَنَّ الْأَعْمَشَ سَمِعَهُ مِنْ سُهَيْلٍ لَا أَنَّ سُهَيْلًا سَمِعَهُ مِنَ الْأَعْمَشِ.

বাংলা

১৬৬৯. আয়িশা রাদিয়াল্লাহু আনহা থেকে বর্ণিত, তিনি বলেন, আমি রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামকে

বলতে শুনেছি, তিনি বলেছেন, “ইমাম জামিনদার আর মুয়াযিয়ন আমানতদার। মহান আল্লাহ ইমামদের সঠিক পথ প্রদর্শন করুন আর মুয়াযিয়নদের ক্ষমা করুন।”[1]

আবু হাতিম ইবনু হিব্বান রহিমাহুল্লাহ বলেন, “হাদীসটি আবু সালিহ আস সাম্মান আযিশা রাঈয়াল্লাহু আনহা থেকে বর্ণনা করেছেন যেভাবে আমরা বর্ণনা করেছি, তিনি হাদীসটি আবু হুরাইরা রাঈয়াল্লাহু আনহু থেকেও মারফু‘ সুত্রে বর্ণনা করেছেন। সুতরাং তিনি কখনো হাদীসটি আযিশা রাঈয়াল্লাহু আনহা থেকে আবার কখনো আবু হুরাইরা রাঈয়াল্লাহু আনহু থেকে বর্ণনা করেছেন আবার কখনো মারফু‘ সুত্রে বর্ণনা না করে আবু হুরাইরা রাঈয়াল্লাহু আনহু থেকে মাওকুফ সুত্রে বর্ণনা করেছেন।

আর আ‘মশ হাদীসটি আবু সালিহ রহিমাহুল্লাহর মাধ্যমে আবু হুরাইরা রাঈয়াল্লাহু আনহু থেকে মাওকুফ সুত্রে বর্ণনা করেছেন, তিনি আবু সালিহ রহিমাহুল্লাহ ও তার পিতার মাধ্যমে আবু হুরাইরা রাঈয়াল্লাহু আনহু থেকে মারফু‘ সুত্রে বর্ণনা করেছেন।

আর যে ব্যক্তি সুহাইল ও বাবার মাঝে আ‘মশকে ঢুকান, তিনি নিশ্চিত ভুল করেছেন। কেননা আ‘মশ হাদীসটি সুহাইল থেকে শ্রবণ করেছেন; এটি নয় যে, সুহাইল আ‘মশ থেকে হাদীসটি শ্রবণ করেছেন।”

ফুটনোট

[1] মুসনাদ আহমাদ: ৬/৬৫; তাহাবী, মুশকিলুল আসার: ৩/৫৩; সুনান বাইহাকী: ১/৪২৫; সহীহ ইবনু খুযাইমাহ: ১৫৩২।

হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ হাসান বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে হাসান বলেছেন। (আত তা‘লীকুর রাগীব: ১/১০৮)

হাদিসের মান: হাসান (Hasan) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি □ বর্ণনাকারীঃ আযিশা বিনত আবু বাকর সিদ্দীক (রাঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=91263>

📖 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন